



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম

ফোন নং-৩৩৬০০১, ৩২৩২০৪, ৩২৬৬০৩, ফ্যাক্স : ৩১৯৪৬৬।
ই-মেইল : principal@gccc.edu.bd, info@gccc.edu.bd, principal_citycollege_ctg@yahoo.com
ওয়েব সাইট : www.gccc.edu.bd

COLLEGE CODE- 4304

২০২২-২০২৩ শিক্ষাবর্ষের প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) শ্রেণিতে কোটার মেধা তালিকার ভর্তি বিজ্ঞপ্তি

তারিখ : ২৬/০৮/২০২৫ খ্রি.

২০২২-২০২৩ শিক্ষাবর্ষের প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) শ্রেণিতে ভর্তিচ্ছু কোটার মেধা তালিকায় মনোনীত সকল ছাত্রছাত্রীদের ভর্তি প্রক্রিয়া কলেজের ওয়েব সাইটের-এর মাধ্যমে নির্ধারিত ফি পরিশোধ করে নিম্নোক্ত তারিখ ও সময়ের মধ্যে স্ব স্ব বিভাগে যাবতীয় কাগজপত্র জমা দিয়ে নিজ নিজ ভর্তি নিশ্চিত করার নির্দেশ দেয়া হল।

ছাত্রছাত্রীদের করণীয় :

১. কলেজের ওয়েব সাইটে www.gccc.edu.bd এর Admission মেন্যু হতে Online Admission সাব-মেন্যুতে ক্লিক করে শিক্ষার্থীর ভর্তির আবেদনের রোল, বিভাগ নির্বাচন করে শিক্ষার্থীর তথ্য ফরম পূরণ করবে।
২. শিক্ষার্থীর তথ্য ফরম পূরণ করার পর শিক্ষার্থী Next বাটনে ক্লিক করে Payment এ নির্ধারিত প্রক্রিয়ায় বিকাশ/নগদ/ডাচ বাংলা(রকেট/নেক্সাস পে)/অন্যান্য -এর মাধ্যমে নিম্নোক্ত পরিমাণ ফি পরিশোধ করে ভর্তি ফরম পূরণ কার্যক্রম সম্পন্ন করবে। উক্ত পেমেন্ট নিজস্ব একাউন্ট হতে অথবা সংশ্লিষ্ট বিকাশ/নগদ/ডাচ বাংলা(রকেট/নেক্সাস পে)/ অন্যান্য এজেন্ট-এর মাধ্যমে প্রদান করা যাবে।
৩. কলেজের ওয়েবসাইটে ফরম পূরণের সময় শিক্ষার্থী কর্তৃক প্রদত্ত মোবাইল নম্বরটি সচল থাকতে হবে।
৪. উল্লেখ্য যে, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) শ্রেণিতে কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু কোন শিক্ষার্থী অন্য কোন শিক্ষা কার্যক্রম (যে শিক্ষাবর্ষ হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত থাকলে তা অবশ্যই আগামী ২৮/০৮/২০২৫ খ্রি. তারিখের মধ্যে বাতিল করে অন-লাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে অন্যথায় দ্বৈত ভর্তির কারণে ঐ শিক্ষার্থীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

ফি'র পরিমাণ (বিভাগ অনুসারে কলেজের ওয়েব সাইটের-এর মাধ্যমে ২৭/০৮/২০২৫ থেকে ২৮/০৮/২০২৫ খ্রি. তারিখের মধ্যে জমা দিতে হবে।)

বিভাগ/বিষয়	টাকার পরিমাণ	কাগজপত্র জমাদানের তারিখ ও সময়
ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, অর্থনীতি, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা	৪,৩৬২/- (চার হাজার তিনশত বাষট্টি) টাকা	২৮/০৮/২০২৫ খ্রি. সকাল ১০.০০টা থেকে ১২.৩০মি. পর্যন্ত

** কলেজে এবং সংশ্লিষ্ট বিভাগে কোন প্রকার নগদ ফি গ্রহণ করা হবে না।

➤ কলেজের ওয়েব সাইটে (www.gccc.edu.bd) হতে ফরম পূরণের নিয়মাবলি :

১. সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম-এর ওয়েবসাইট www.gccc.edu.bd এ প্রবেশ করতে হবে।
২. ওয়েবসাইট-এ যাওয়ার পর Menu Bar হতে Payment এ Click করার পর **PRELIMINARY MASTERS** -এ প্রবেশ করতে হবে। তারপর Active Event হতে **PRELIMINARY TO MASTERS Admission** এ Click করতে হবে।
৩. এরপর ভর্তিকৃত Department, Admission Roll ও Captcha Code দিয়ে Verify এ Click করতে হবে।
৪. এরপর Next এ Click করতে হবে। এতে একটি ফরম আসবে, যার তথ্যসমূহ সঠিকভাবে পূরণ করবে এবং পাসপোর্ট সাইজের ছবি স্ক্যান করে (ছবি সাইজ সর্বোচ্চ 100kb) আপলোড করবে।
৫. Save করার পূর্বে তথ্য সঠিক আছে কিনা তা দেখতে হবে। একবার Save করার পর ছাত্র-ছাত্রীরা তাদের তথ্য আর পরিবর্তন করতে পারবে না।
৬. এরপর Save বাটনে ক্লিক করলে Payment অপশন দেখাবে। এখান থেকে বিকাশ/নগদ/ডাচ বাংলা(রকেট/নেক্সাস পে)/অন্যান্য অপশন সিলেক্ট করে Payment কার্যক্রম সম্পন্ন করতে হবে।
৭. Payment কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার পর Submit করে তথ্য সংরক্ষণ করবে এবং দুই কপি প্রিন্ট নিতে হবে।

➤ ভর্তির সময় প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে হবে:

১. অনলাইনে জাতীয় বিশ্ববিদ্যালয় ও কলেজের ওয়েব সাইট থেকে পূরণকৃত ভর্তি ফরম এর প্রিন্টেড কপি।
২. ভর্তির প্রাথমিক আবেদন ফরমের মূলকপি ও ২ সেট ফটোকপি।
৩. মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার নম্বর ফর্দের ২ সেট ফটোকপি।
৪. ডিগ্রি/অনার্স পরীক্ষার নম্বরপত্রের ফটোকপি ২ সেট ফটোকপি।
৫. কোটার ভর্তির ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র দেখাতে হবে এবং সত্যায়িত ২ সেট ফটোকপি জমা দিতে হবে।
৬. ১টি বড় খাম (১৩" x ১০") নিজ নিজ ঠিকানা ও মোবাইল নম্বর সম্বলিত ১টি ছোট খাম (১০" x ৪")।
৭. পাসপোর্ট সাইজের ৪ কপি রঙিন ছবি ও ২কপি স্ট্যাম্প সাইজ রঙিন ছবি।

২৬/০৮/২৫

(প্রফেসর আবু ছালেহ মোহাম্মদ নঈম উদ্দীন)

আইডি নং-০০০০৩০৫৭

অধ্যক্ষ

সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম।

২৬/০৮/২৫
Abulhasan
২৬/০৮/২৫